
# ঢাবি উপাচার্য পদ থেকে পদত্যাগ করেছেন অধ্যাপক নিয়াজ আহমদ



অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান আনুষ্ঠানিকভাবে তার পদ থেকে পদত্যাগ করেছেন।

রোববার (২২ ফেব্রুয়ারি) সকালে তিনি শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলনের কাছে পদত্যাগপত্র জমা দেন। বিষয়টি শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তারা নিশ্চিত করেছেন।

মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, পদত্যাগপত্র গ্রহণের পর যথাযথ প্রক্রিয়া অনুযায়ী পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে, যদিও এ তথ্য এখনো আনুষ্ঠানিকভাবে মন্ত্রণালয় থেকে প্রকাশিত হয়নি।

এর আগে এক সংবাদ সম্মেলনে অধ্যাপক নিয়াজ আহমদ খান জানিয়েছেন, বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি স্থিতিশীল হওয়ায় তিনি দায়িত্ব থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন।

তিনি বলেছিলেন, রাজনৈতিক প্রভাব যাতে প্রশাসনে প্রভাব ফেলতে না পারে, তার জন্যই পদত্যাগ করা প্রয়োজন।

LENS ASIA